রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে অক্টোবর ২০০১/১৫ই কার্তিক ১৪০৮

**এস, আর, ও নং ৩০১/আইন**—Inland Shipping Ordinance, 1976, (LXXII of 1976) এর Section 82-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Ordinance এর section 82 এর sub-section (1) এর প্রয়োজন মোতাবেক ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ইং মোতাবেক ১২ই আশ্বিন ১৪০৬বাং তারিখের এস, আর, ও নং ২৮১-আইন/৯৯ দ্বারা প্রাক প্রকাশনা করা হইয়াছিল, যথা ঃ—

## অধ্যায়-১

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই বিধিমালা অভ্যন্তরীণ জাহাজ (অগ্নি নিরাপত্তা) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ the Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976);

(খ) "অভ্যন্তরীণ জলপথ" অর্থ অধ্যাদেশের সংজ্ঞায়িত "inland water";

(গ) "আবাসন স্থান" অর্থ সর্বসাধারণের ব্যবহৃত স্থান, কেবিন, করিডোর, সেনিটারি স্থান এবং অন্যান্য অনুরূপ স্থান;



মূল্য ঃ টাকা ৪.০০

(ঘ) "উন্মুক্ত যাত্রীবাহী নৌকা" অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত ওয়েদার ডেকবিহীন খোলা জাহাজ;

(ঙ) "ওয়েদার ডেক" অর্থ সেই ডেক যাহার নীচে সকল উন্মুক্ত অংশ বন্ধ করিবার এমন ব্যবস্থা আছে যাহা সকল অবস্থাতেই জাহাজে অথবা ভাসমান সরঞ্জামে পানি প্রবেশ রোধ করিবে;

(চ) "জাহাজ" বা "অভ্যন্তরীণ জাহাজ" অর্থ অধ্যাদেশের section 2(c) তে সংজ্ঞায়িত "inland ship";

(ছ) "ট্যাংকার" অর্থ ট্যাংকে বা আধারে (in bulk) প্রচুর পরিমাণ তরল পদার্থ বহনের জন্য ব্যবহৃত অভ্যন্তরীণ জাহাজ;

(জ) "ডাম্ব বার্জ" অর্থ মালামাল বা তরল পদার্থ বহনের কাজে ব্যবহৃত এমন জাহাজ, নৌযান বা ভাসমান সরঞ্জাম যাহা স্ব-প্রচলিত জাহাজ নহে এবং কোন যাত্রী বহন করে না;

(ঝ) "দৈর্ঘ্য (L)" অর্থ লোড ওয়াটার লাইনে (বোঝাই জলরেখা) জাহাজের অগ্রভাগে স্টেম(stem) এর সম্মুখপ্রান্ত হইতে রাডার পোষ্ট এর পশ্চাৎপ্রান্ত, অথবা যে জাহাজের রাডার পোষ্ট না থাকে তাহা হইলে রাডার ষ্টকের কেন্দ্র পর্যন্ত দূরত্ব;

(ঞ) "নতুন জাহাজ" অর্থ এই বিধিমালা কার্যকর হওয়ার তারিখের পরে নিবন্ধনকৃত কোন জাহাজ;

(ট) "বর্তমান জাহাজ" অর্থ যে জাহাজ নতুন জাহাজ নহে;

(ঠ) "ভাসমান সরঞ্জাম" অর্থ ড্রেজার, ভাসমান ক্রেন ইত্যাদির মত স্ব-প্রচলিত নহে এমন বিবিধ সরঞ্জাম যাহা ভাসমান অবস্থায় বিভিন্ন কাজ করিবার জন্য ব্যবহৃত হয়;

(ড) "মাছ ধরার নৌযান" অর্থ মাছ ধরিবার কাজে ব্যবহৃত বা তদুদ্দেশ্যে নির্মিত জাহাজ;

(ঢ) "মালবাহী জাহাজ" অর্থ মালামাল এবং অনধিক ১২ জন যাত্রী বহনের জন্য ব্যবহৃত স্ব-প্রচলিত (self-propelled) জাহাজ;

(ণ) "যাত্রী" অর্থ জাহাজ বা অভ্যন্তরীণ জাহাজের আরোহীদের মধ্যে জাহাজের মাষ্টার, অফিসার ও নাবিক ব্যতীত যে কোন ব্যক্তি, তবে এক বৎসরের কম বয়সী শিশু যাত্রী উহার অন্তর্ভুক্ত হইবে না;

(ত) "যাত্রী ফেরী" অর্থ ১২ জন বা উহার অধিক যাত্রী এবং এক বা একাধিক যানবাহন পারাপারে নিয়োজিত পরিকাঠামোবিশিষ্ট জাহাজ;

(থ) "যাত্রীবাহী জাহাজ" অর্থ ১২ জনের অধিক যাত্রী বহনে ব্যবহৃত ওয়েদার ডেক-সম্বলিত জাহাজ এবং একাধিক ডেকবিশিষ্ট অভ্যন্তরীণ জাহাজও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(দ) "সড়ক ফেরী" অর্থ ১২ জন বা উহার অধিক যাত্রী এবং এক বা একাধিক যানবাহন পারাপারে নিয়োজিত উন্মুক্ত ফ্লাশ ডেক জাহাজ।

৩। **চিহ্নিতকরণ**।—(১) সকল অগ্নি নির্বাপক সরঞ্জামে স্পষ্টভাবে জাহাজের নাম লিখিতে হইবে।

(২) যে সরঞ্জামের পরীক্ষা বা পুনর্ভরন (re-filing) প্রয়োজন উহাতে পরীক্ষা বা ক্ষেত্রমত, পুনর্ভরনের তারিখ চিহ্নিত করিয়া রাখিতে হইবে।

(৩) অগ্নি নির্বাপক সরঞ্জাম সংরক্ষণের স্থান পরিষ্কারভাবে চিহ্নিত করিয়া রাখিতে হইবে।

(৪) যদি কোন অগ্নি নির্বাপক সরঞ্জাম কোন লকারে রাখা হয়, তাহা হইলে সংশ্লিষ্ট লকারের দরজা চিহ্নিত করিয়া রাখিতে হইবে।

৪। **প্রয়োগ**।—ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, এই বিধিমালা সকল অভ্যন্তরীণ জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## অধ্যায়-২

## অগ্নি নির্বাপক সরঞ্জাম

৫। **ফায়ার পাম্প**।—এক বা একাধিক ফায়ার পাম্পের প্রয়োজন হইলে ফায়ার পাম্প নিম্নরূপ হইতে হইবে, যথা ঃ—

(ক) সকল হাইড্র্যান্টে কমপক্ষে ২ বার (bar) এর ন্যূনতম চাপ রাখিতে হইবে;

(খ) পাম্প বা পাম্পগুলির ন্যূনতম ক্ষমতা কমপক্ষে ঘন্টায় ১০ ঘন মিটার হইতে হইবে;

(গ) পাম্প বা পাম্পগুলির সমন্বিত বিলজ, ব্যালাষ্ট ও সাধারণ সার্ভিস এর হইতে পারিবে;

(ঘ) পাম্প যদি পাইপ, হাইড্র্যান্ট ও হোজ এর চাপ বহন ক্ষমতার অতিরিক্ত চাপ সৃষ্টি করিতে সক্ষম হয়, তাহা হইলে এক বা একাধিক রিলিফ ভালভ সংযুক্ত করিতে হইবে; এবং

(ঙ) জাহাজের প্রান্তস্থিত সাকশন (Suction) সংযোজনসমূহ যতদূর গভীরে সম্ভব ততদূর গভীরে স্থাপন করিতে হইবে।

৬। **ফায়ার পাইপ ও হাইড্র্যান্ট**।—(১) যান্ত্রিক ফায়ার পাম্পের প্রয়োজন হইলে, স্থায়ী ফায়ার লাইন পদ্ধতি স্থাপন করিতে হইবে।

(২) প্রধান ও শাখা ফায়ার পাইপগুলির বিন্যাস এমন হইতে হইবে যাহাতে অনধিক ১৫ মিটার লম্বা একটি একক হোজ এর সাহায্যে জাহাজের সকল অংশে পানির ফোয়ারা (jet) নিক্ষেপ করা যায়।

(৩) সকল ফায়ার পাইপ ইস্পাত নির্মিত হইতে হইবে।

(৪) জাহাজে কেবল এক ধরণের হাইড্র্যান্ট থাকিবে এবং উহার ন্যূনতম ব্যাস হইবে ৪০ মিলিমিটার।

(৫) পাইপ ও হাইড্র্যান্ট এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে ফায়ার হোজ সহজেই হাইড্র্যান্টের সহিত জোড়া দেওয়া যায় এবং যদি ডেকে মালামাল বহন করা হয় তাহা হইলে হাইড্র্যান্ট এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা সহজেই নাগালের মধ্যে পাওয়া যায়।

(৬) সকল হাইড্র্যান্ট এ ভালভ সংযুক্ত করিতে হইবে।

(৭) প্রধান অগ্নি নির্বাপক পাইপের ভিতরকার ব্যাস কমপক্ষে ৫০ মিলিমিটার হইতে হইবে।

(৮) ফায়ার পাইপ সিষ্টেম ডেক ধৌত করিবার জন্যও ব্যবহার করা যাইবে।

৭। **ফায়ার হোজ ও নজল।**—ফায়ার হোজ এর প্রয়োজন হইলে নিম্নলিখিত শর্তসমূহ প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) প্রত্যেক হাইড্র্যান্ট এর জন্য কমপক্ষে একটি হোজ এবং জাহাজে কমপক্ষে তিনটি হোজ থাকিতে হইবে;

(খ) হোজগুলি স্পষ্টভাবে চিহ্নিত হোজ বাক্সে অথবা হাইড্র্যান্টসমূহের সন্নিকটে রীল এর মধ্যে রাখিতে হইবে;

(গ) হোজগুলি অনুমোদিত দ্রব্য দ্বারা নির্মিত হইতে হইবে;

(ঘ) হোজগুলি কমপক্ষে ১০ মিটার এবং অনধিক ১৫ মিটার লম্বা হইতে হইবে;

(ঙ) হোজগুলির ব্যাস কমপক্ষে ৪০ মিলিমিটার হইতে হইবে;

(চ) হোজ ডায়ামিটার যাহাই হোক না কেন, সকল হোজে ষ্ট্যান্ডার্ড কাপলিং থাকিতে হইবে;

(ছ) সকল হোজ এর সহিত ১২ মিলিমিটার ব্যাসবিশিষ্ট নজল এবং প্রয়োজনীয় কাপলিং থাকিতে হইবে।

৮। **বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র।**—(১) বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত, যথা ঃ—

(ক) এ (A) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র তন্তুজ সামগ্রী যেমন কাঠ, কাগজ ও যন্ত্রাদির অগ্নি নির্বাপকের জন্য নির্মিত;

(খ) বি (B) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র দাহ্য তরল পদার্থের অগ্নি নির্বাপকের জন্য নির্মিত;

(গ) ই (E) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র বৈদ্যুতিক সরঞ্জামের অগ্নি নির্বাপণের জন্য নির্মিত;

(ঘ) ইহা ছাড়া বিভিন্ন বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র সমন্বিত রূপেও থাকিতে পারে।

(২) ব্যবহারের জন্য প্রস্তুত কোন বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রের ওজন ২০ কিলোগ্রামের বেশি হইবে না।

(৩) বহনযোগ্য প্রত্যেক অগ্নি নির্বাপক যন্ত্র প্রত্যেক বৎসর পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(৪) বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র অনুমোদিত হইতে হইবে।

(৫) একই শ্রেণীর এবং ক্ষমতার সকল বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র একই ধরণের হইতে হইবে।

(৬) কোন জাহাজ বা ভাসমান সরঞ্জামের বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রের পণ্য প্রতীক (Trade mark) দুই এর অধিক ধরণের হইতে পারিবে না।

(৭) কোন স্থানে ব্যবহারের জন্য নির্দিষ্ট বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রের কমপক্ষে একটি যন্ত্র উক্ত স্থানের প্রবেশ পথে রাখিতে হইবে।

৯। **ফায়ার বাকেট**।—ফায়ার বাকেট অদাহ্য সামগ্রী দ্বারা নির্মিত হইতে হইবে, উহার ধারণ ক্ষমতা হইতে হইবে ৯ লিটার এবং ফায়ার বাকেটের সহিত অবশ্যই ৪ মিটার বা ততোধিক দীর্ঘ একটি ঝুলাইয়া রাখা রশি সংযুক্ত করিয়া রাখিতে হইবে।

১০। **স্থায়ী $CO_2$ পদ্ধতি**।—স্থায়ী $CO_2$ পদ্ধতির প্রয়োজন হইলে নিম্নলিখিত শর্তসমূহ প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) পাইপ স্থাপন ব্যবস্থা এমনভাবে বিন্যস্ত করিতে হইবে যাহাতে তাহা মালামাল রাখার হোল্ডের জন্য কার্যকরী ও সুষমভাবে বন্টিত হয়;

(খ) বিপদ সংকেত ধ্বনি ব্যবস্থা এমনভাবে করিতে হইবে যাহাতে রিলিজ ক্যাবিনেট খুলিবার সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে বিপদ সংকেত ধ্বনি বাজিয়া উঠে;

(গ) $CO_2$ বোতলগুলি একটি তালাবদ্ধ লকারে সংরক্ষণ করিতে হইবে;

(ঘ) বোতলে রাখা $CO_2$ গ্যাস প্রতি বৎসর একবার পরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং প্রতি ১২ বৎসরে ৫০% অধিক চাপসহ কমপক্ষে একবার বোতলগুলি চাপ পরীক্ষা করিতে হইবে;

(ঙ) প্রয়োজনীয় সতর্কতা চিহ্নসমূহ যথাস্থানে লাগাইতে হইবে;

(চ) বিমুক্ত গ্যাসের পরিমাণ অন্যূন সংরক্ষিত বৃহত্তম মাল রাখার স্থানের মোট আয়তনের ৩০% এর সমান হইতে হইবে।

১১। **অনুমোদন**।—সকল শ্রেণীর অগ্নি নির্বাপক সরঞ্জাম অভ্যন্তরীণ নৌ-নিরাপত্তা প্রশাসন অথবা সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

## অধ্যায়-৩

## অগ্নি নির্বাপক সরঞ্জাম বিতরণ

১২। **প্রয়োগ**।—(১) ফায়ার পাম্প, ফায়ার পাইপ ব্যবস্থা, হাইড্র্যান্ট, ফায়ার হোজ ও নজলসমূহ সম্পর্কে এই অধ্যায়ে বর্ণিত প্রয়োজনীয়াদি কেবল নতুন জাহাজসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) বর্তমান জাহাজ ও ভাসমান সরঞ্জামসমূহে পূর্ব হইতে রক্ষিত ফায়ার পাম্প, ফায়ার পাইপ ব্যবস্থা, হাইড্র্যান্ট, ফায়ার হোজ ও নজলসমূহ যথাযথভাবে সংরক্ষিত করিতে এবং কার্যকর অবস্থায় রাখিতে হইবে।

১৩। **মালবাহী জাহাজ।**—(১) প্রতিটি অভ্যন্তরীণ মালবাহী জাহাজকে নিম্নে উল্লিখিত স্কেল অনুযায়ী নিম্নবর্ণিত অগ্নি নির্বাপক সরঞ্জাম বহন করিতে হইবে, যথা ঃ—

(ক) মোট ইঞ্জিন ক্ষমতা ১২ হইতে ৪০ কিলোওয়াট হইলে—

(অ) যন্ত্রপাতিসম্বলিত স্থানে প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(আ) অভিগম্য স্থানসমূহে দুইটি ফায়ার বাকেট।

(খ) মোট ইঞ্জিন ক্ষমতা ৪০ কিলোওয়াট এর অধিক কিন্তু ১৮০ কিলোওয়াট এর অধিক না হইলে—

(অ) যন্ত্রপাতিসম্বলিত স্থানে প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(আ) অভিগম্য স্থানসমূহে ছয়টি ফায়ার বাকেট;

(ই) যন্ত্রপাতি রাখার স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি একটি বালির বাক্স।

(গ) মোট ইঞ্জিন ক্ষমতা ১৮০ কিলোওয়াট এর অধিক কিন্তু ৪৫০ কিলোওয়াট এর অধিক না হইলে—

(অ) বিধি ৫ অনুযায়ী একটি ফায়ার পাম্প, যাহা মূল ইঞ্জিন দ্বারা পরিচালনা করা যাইবে;

(আ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপ পদ্ধতি ও হাইড্র্যান্ট এবং ইঞ্জিন কক্ষে দুইটি হাইড্র্যান্ট;

(ই) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল;

(ঈ) প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক এবং তাহার অতিরিক্ত হিসাবে যন্ত্রপাতিসম্বলিত স্থানে প্রতিটি ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর আরো দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(উ) অভিগম্য স্থানসমূহে নয়টি ফায়ার বাকেট;

(ঊ) যন্ত্রপাতি রাখার স্থানে একটি হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি একটি বালির বাক্স;

(ঋ) একটি অগ্নি কুঠার (Fire axe)।

(ঘ) মোট ইঞ্জিন ক্ষমতা ৪৫০ কিলোওয়াট এর অধিক, কিন্তু ৮০০ কিলোওয়াট এর অধিক না হইলে—

(অ) কমপক্ষে ১৫ ঘনমিটার ক্ষমতাবিশিষ্ট একটি ফায়ার পাম্প অথবা বিধি ৫ অনুযায়ী এমন একটি পাম্প যাহা মূল ইঞ্জিনের সাহায্য ব্যতীত স্বতন্ত্রভাবে চালিত হইবে;

(আ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপ পদ্ধতি ও হাইড্রান্টসমূহ এবং ইঞ্জিন কক্ষে অন্যূন ২টি হাইড্রান্ট;

(ই) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল;

(ঈ) ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যন্ত্রপাতির স্থানে ৯ লিটার ধারণ ক্ষমতসম্পন্ন চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(উ) অভিগম্য স্থানসমূহে নয়টি ফায়ার বাকেট;

(ঊ) যন্ত্রপাতি স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি দুইটি বালির বাক্স;

(ঋ) দুইটি অগ্নি কুঠার;

(এ) একটি ক্রো বার (শাবল)।

(২) সকল অভ্যন্তরীণ মালবাহী জাহাজে উপ-বিধি (১) অনুযায়ী প্রয়োজনীয় সরঞ্জামের অতিরিক্ত নিম্নলিখিত অগ্নি নির্বাপক যন্ত্র থাকিতে হইবে, যথাঃ—

(ক) সকল আবাসন ডেক এ ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(খ) হুইল হাউসে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(গ) রান্নার স্থানে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক সরঞ্জাম থাকে তবে অগ্নি নির্বাপক যন্ত্র এবিই (ABE) শ্রেণীর হইতে হইবে।

১৪। **ডাম্ব বার্জ।**—বিপজ্জনক মালামাল ব্যতীত অন্যান্য মালবাহী জাহাজের প্রত্যেকটিতে নিম্নলিখিত অগ্নি নির্বাপক সরঞ্জাম থাকিতে হইবে, যথাঃ—

(ক) অভিগম্য স্থানসমূহ স্থাপিত প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(খ) যদি ডাম্ব বার্জে কোন মানুষজন থাকে, তাহা হইলে উপরোক্ত অগ্নি নির্বাপক যন্ত্রসমূহ ছাড়াও আবাসন এলাকার ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর কমপক্ষে একটি এবং রান্নার জায়গায় ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র রাখিতে হইবে;

(গ) ছয়টি ফায়ার বাকেট।

১৫। **বিপজ্জনক মাল বহনকারী অভ্যন্তরীণ জাহাজ বা বার্জ।**—প্রত্যেক বিপজ্জনক মাল বহনকারী অভ্যন্তরীণ জাহাজ বা বার্জে বিধি ১৩ ও ১৪তে উল্লিখিত সরঞ্জাম এবং উহা ছাড়াও মাল বহনকারী কম্পার্টমেন্টের জন্য বিধি ১০ অনুযায়ী একটি স্থায়ী $CO_2$ অগ্নি নির্বাপক স্থাপনা থাকিতে হইবে।

১৬। ট্যাংকার।—(১) প্রত্যেক অভ্যন্তরীণ ট্যাংকারকে বিধি ১৩ এর বিধান অনুযায়ী অগ্নি নির্বাপক সরঞ্জাম বহন করিতে হইবে এবং ইহার অতিরিক্ত প্রত্যেকটিতে ৩৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বি শ্রেণীর দুইটি অগ্নিনির্বাপক যন্ত্র (fire extinguisher) থাকিতে হইবে।

(২) নূতন জাহাজের ক্ষেত্রে, কার্গো ট্যাংকমুখী সকল এয়ার পাইপ ও বায়ুচলন পথ ফ্রেইম স্ক্রীনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(৩) ট্যাংক ডেকের উপরের ও পাম্প রুমের ভিতরের সকল বৈদ্যুতিক স্থাপনা বিস্ফোরণ নিরোধক প্রকৃতির এবং স্বাভাবিক নিরাপদ হইতে হইবে।

(৪) নূতন জাহাজের ক্ষেত্রে, ট্যাংক ডেকের দিকে কোন দরজা বা অন্যান্য বহির্গমন পথ খোলা থাকিতে পারিবে না।

১৭। **উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চ।**—প্রতিটি অভ্যন্তরীণ উন্মুক্ত যাত্রীবাহী লঞ্চ নিম্নে উল্লিখিত স্কেল অনুযায়ী নিম্নবর্ণিত অগ্নি নির্বাপক সরঞ্জাম বহন করিবে, যথা ঃ—

(১) মোট ইঞ্জিন শক্তি ৪০ কিলোওয়াট পর্যন্ত বা সর্বাধিক ১০০ জন যাত্রী বা সর্বাধিক দৈর্ঘ্য (L) ২০ মিটার হইলে—

(ক) যন্ত্রপাতি স্থানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(খ) অভিগম্য স্থানে দুইটি ফায়ার বাকেট;

(গ) আবাসন ডেকে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঘ) হুইল হাউসে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঙ) রান্নার স্থানে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক সরঞ্জাম থাকে, তবে, অগ্নি নির্বাপক যন্ত্র এবিই (ABE) শ্রেণীর হইতে হইবে।

(২) মোট ইঞ্জিন শক্তি ৪০ কিলোওয়াট এর অধিক কিন্তু ১৮০ কিলোওয়াট এর অধিক নহে অথবা যাত্রী সংখ্যা ১০০ জনের অধিক কিন্তু ২০০ জনের অধিক না হইলে অথবা দৈর্ঘ্য (L) ২০ মিটারের অধিক কিন্তু ৩০ মিটারের অধিক না হইলে—

(ক) যন্ত্রপাতি স্থানে প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(খ) অভিগম্য স্থানে ছয়টি ফায়ার বাকেট;

(গ) যন্ত্রপাতির স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি একটি বালির বাক্স;

(ঘ) সকল আবাসন ডেকে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঙ) হুইল হাউসে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(চ) রান্নার স্থানে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক সরঞ্জাম থাকে, তবে অগ্নি নির্বাপক যন্ত্র এবিই (ABE) শ্রেণীর হইতে হইবে।

(৩) যদি উন্মুক্ত লঞ্চের মোট ইঞ্জিন শক্তি ১৮০ কিলোওয়াট এর অধিক হয়, অথবা যাত্রী সংখ্যা ২০০ জনের বেশী হয়, অথবা দৈর্ঘ্য (L) ৩০ মিটারের অধিক হয়, তাহা হইলে অগ্নি নির্বাপক সরঞ্জাম ১৮ বিধি অনুযায়ী জাহাজসমূহের অনুরূপ হইতে হইবে।

১৮। **যাত্রী ফেরী।**—প্রতিটি যাত্রী ফেরী নিম্নে বর্ণিত অগ্নি নির্বাপক সরঞ্জাম বহন করিবে, যথাঃ—

(১) মোট ইঞ্জিন শক্তি ১৮০ কিলোওয়াট এর অধিক অথবা যাত্রী সংখ্যা ২০০ জন পর্যন্ত অথবা সর্বাধিক দৈর্ঘ্য (L) ৩০ মিটার হইলে—

(ক) বিধি ৫ অনুযায়ী একটি ফায়ার পাম্প, যাহা মূল ইঞ্জিন দ্বারা চালনা করা যাইতে পারে;

(খ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপ এবং হাইড্র্যান্ট, তবে ইঞ্জিনে বা ইঞ্জিনকক্ষে কমপক্ষে দুইটি হাইড্র্যান্ট ;

(গ) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল ;

(ঘ) যন্ত্রপাতির স্থানে প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র (fire extinguisher) ;

(ঙ) রশি সংযুক্ত ছয়টি ফায়ার বাকেট ঃ

তবে শর্ত থাকে যে, রশিগুলি অবশ্যই বাকেট রাখিবার স্থান হইতে হালকা জলরেখা (light water line ) পর্যন্ত উচ্চতা হইতে অন্যূন দুই মিটার বড় এবং কমপক্ষে ৪ মিটার লম্বা হইতে হইবে এবং বাকেটগুলি অভিগম্য স্থানে রাখিতে হইবে ;

(চ) যন্ত্রপাতির স্থানে (machinery space) হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি একটি বালির বাক্স ;

(ছ) একটি অগ্নি কুঠার ;

(জ) আবাসন ডেকে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর ৬টি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঝ) হুইল হাউসে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঞ) রান্নার স্থানে ও জাহাজের রান্নাঘরে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক সরঞ্জাম থাকে তাহা হইলে অগ্নি নির্বাপক যন্ত্র এবিই (ABE) শ্রেণীর হইত হইবে।

(২) মোট ইঞ্জিন শক্তি ১৮০ কিলোওয়াট এর অধিক কিন্তু অনধিক ৪৫০ কিলোওয়াট অথবা ২০০ জনের অধিক যাত্রী কিন্তু অনধিক ৪০০ জন অথবা দৈর্ঘ্য (L) ৩০ মিটারের অধিক কিন্তু অনধিক ৪৫ মিটার হইলে —

(ক) কমপক্ষে ঘন্টায় ১৫ ঘনমিটার ক্ষমতাবিশিষ্ট একটি ফায়ার পাম্প অথবা বিধি ৫ অনুযায়ী এমন একটি পাম্প যাহা মূল ইঞ্জিনের সাহায্য ব্যতীত স্বতন্ত্রভাবে চালিত হইবে ;

(খ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপ এবং হাইড্রান্ট ঃ

তবে শর্ত থাকে যে, হাইড্রান্ট এর বিন্যাস এমন হইবে যেন অনধিক ১৫ মিটার দীর্ঘ একটি হোজ এবং ১৫+১৫ মিটার দীর্ঘ একটি ডবল হোজ দ্বারা জাহাজের সকল অংশে পানির দুইটি ধারা (Jet) বর্ষণ করা যায় এবং ইঞ্জিনকক্ষে কমপক্ষে দুইটি হাইড্র্যান্ট থাকিতে হইবে ;

(গ) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল এবং ইহার অতিরিক্ত ৫০% বর্ধিত হোজ, যাহা কাপলিং এর সহিত সংযুক্ত থাকিবে ;

(ঘ) ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং উহা ছাড়াও যন্ত্রপাতির স্থানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর অতিরিক্ত দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঙ) প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন দশটি রশি সংযুক্ত ফায়ার বাকেট ঃ

তবে শর্ত থাকে যে, রশিগুলি অবশ্যই বাকেট রাখিবার স্থান হইতে হালকা জলরেখা (light water line) পর্যন্ত উচ্চতা হইতে অন্যূন দুই মিটার বড় এবং কমপক্ষে৪ মিটার লম্বা হইতে হইবে এবং বাকেটগুলি অভিগম্য স্থানে রাখিতে হইবে ;

(চ) যন্ত্রপাতির স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি দুইটি বালির বাক্স ;

(ছ) দুইটি অগ্নি কুঠার (Fire Axe) ;

(জ) আবাসন ডেক-এ ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর অন্যূন ৮টি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঝ) হুইল হাউসে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE ) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঞ) রান্নার স্থানে ও জাহাজের রান্নাঘরে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB ) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক সরঞ্জাম থাকে, তাহা হইলে অগ্নিনির্বাপক যন্ত্র এবিই (ABE ) শ্রেণীর হইতে হইবে।

(৩) মোট ইঞ্জিন শক্তি ৪৫০ কিলোওয়াট এর অধিক কিন্তু ৮০০ কিলোওয়াট এর অধিক নহে, অথবা যাত্রী সংখ্যা ৪০০ জনের অধিক কিন্তু ৮০০ জনের অধিক নহে, অথবা দৈর্ঘ্য (L) ৪৫ মিটারের অধিক কিন্তু ৬০ মিটারের অধিক না হইলে—

(ক) কমপক্ষে ঘন্টায় ২০ ঘনমিটার ক্ষমতাবিশিষ্ট একটি ফায়ার পাম্প অথবা বিধি ৫ অনুযায়ী এমন একটি পাম্প যাহা মূল ইঞ্জিনের সাহায্য ব্যতীত স্বতন্ত্রভাবে চালিত হইবে ;

(খ) বিধি ৫ অনুযায়ী এমন একটি ফায়ার পাম্প যাহা মূল ইঞ্জিন দ্বারা চালনা করা যাইবে ;

(গ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপের ব্যবস্থা এবং হাইড্র্যান্ট ঃ

তবে শর্ত থাকে যে, হাইড্র্যান্ট এর বিন্যাস এমন হইতে হইবে যেন অনধিক ১৫ মিটার দীর্ঘ একটি একক হোজ এবং ১৫ + ১৫ মিটার দীর্ঘ একটি ডবল হোজ দ্বারা জাহাজের সকল অংশে পানির দুইটি ওয়াটার জেট নিক্ষেপ করা যাইতে পারে, এবং ইঞ্জিনকক্ষে কমপক্ষে দুইটি হাইড্র্যান্ট থাকিতে হইবে ;

(ঘ) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল এবং উহার অতিরিক্ত কপলিং দ্বারা সংযুক্ত ৫০% বর্ধিত হোজ ;

(ঙ) ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর আটটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং তাহা ছাড়াও যন্ত্রপাতির স্থান প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর অতিরিক্ত চারটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(চ) প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বারোটি রশি সংযুক্ত ফায়ার বাকেট ঃ

তবে শর্ত থাকে যে, রশিগুলি অবশ্যই বাকেট রাখিবার স্থান হইতে হালকা জলরেখা (ight water line) পর্যন্ত উচ্চতা হইতে অন্যূন দুই মিটার বড় এবং কমপক্ষে ৪ মিটার লম্বা হইতে হইবে এবং বাকেটগুলি অভিগম্য স্থানে রাখিতে হইবে ;

(ছ) যন্ত্রপাতির স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি দুইটি বালির বাক্স ;

(জ) চারটি অগ্নি কুঠার (Fire Axe) ;

(ঝ) ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র নিম্নবর্ণিত স্থানে স্থাপন করিতে হইবে, যথা ঃ—

(অ) কেবিনের করিডোরে একটি করিয়া অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি করিডোর ৩০ মিটারের অধিক লম্বা হয়, তাহা হইলে দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র রাখিতে হইবে;

(আ) অন্যান্য যাত্রী স্থানে প্রতি ১০০ বর্গমিটারের জন্য একটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ই) প্রত্যেক নাবিক কামরায় (Crew compartment) একটি অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ঈ) সকল আবাসন ডেক-এ ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর অন্যূন ১০টি অগ্নি নির্বাপক যন্ত্র।

(ঞ) হুইল হাউসে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ট) রান্নার স্থানে ও সকল গলিতে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক স্থাপনা থাকে, তাহা হইলে অগ্নি নির্বাপক যন্ত্রগুলি এবিই (ABE) শ্রেণীর হইতে হইবে।

(৪) মোট ইঞ্জিন শক্তি ৮০০ কিলোওয়াট এর অধিক অথবা যাত্রী সংখ্যা ৮০০ জনের অধিক অথবা দৈর্ঘ্য (L) ৬০ মিটারের অধিক হইলে—

(ক) ঘন্টায় কমপক্ষে ২০ ঘনমিটার ক্ষমতাবিশিষ্ট একটি ফায়ার পাম্প অথবা বিধি ৫ অনুযায়ী এমন একটি পাম্প যাহা মূল ইঞ্জিন হইতে স্বতন্ত্রভাবে চালিত হইতে পারে;

(খ) বিধি ৬ অনুযায়ী দ্বিতীয় একটি ফায়ার পাম্প, যাহা মূল ইঞ্জিন দ্বারা চালনা করা যাইতে পারে;

(গ) জাহাজের সম্মুখের অংশে স্বতন্ত্র ড্রাইভ সংযুক্ত ও ৫ বিধিতে উল্লিখিত ভালভবিশিষ্ট একটি জরুরী ফায়ার পাম্প স্থাপন করিতে হইবে, যাহা ফায়ার মেইনের সহিত সংযুক্ত করিতে হইবে;

(ঘ) বিধি ৬ অনুযায়ী ফায়ার পাইপ ব্যবস্থা এবং হাইড্রান্ট ঃ

তবে শর্ত থাকে যে, হাইড্র্যান্ট এর বিন্যাস এমন হইতে হইবে যাহাতে অনধিক ১৫ মিটার দীর্ঘ দুইটি একক হোজ দ্বারা জাহাজের সকল অংশে পানির দুইটি ওয়াটার জেট নিক্ষেপ করা যায় এবং ইঞ্জিনকক্ষে কমপক্ষে চারটি হাইড্র্যান্ট থাকিতে হইবে ;

(ঙ) বিধি ৭ অনুযায়ী ফায়ার হোজ ও নজল এবং তদতিরিক্ত কাপলিংসমূহের সহিত সংযুক্ত ৫০% বর্ধিত হোজসমূহ;

(চ) যন্ত্রপাতি স্থানে প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর আটটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং তাহা ছাড়াও প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন আরও ছয়টি বিই (BE) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র ;

(ছ) প্রতিটি ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বারোটি রশি সংযুক্ত ফায়ার বাকেট ঃ

তবে শর্ত থাকে যে, রশিগুলি বাকেট রাখিবার স্থান হইতে হালকা জলরেখা (LIGHT WATER LINE) পর্যন্ত উচ্চতা হইতে অন্যূন দুই মিটার বড় এবং কমপক্ষে ৪ মিটার লম্বা হইতে হইবে এবং বাকেটগুলি অভিগম্য স্থানে রাখিতে হইবে;

(জ) যন্ত্রপাতি স্থানে হাতাসহ কমপক্ষে ৫০ লিটার বালিভর্তি দুইটি বালির বাক্স;

(ঝ) ছয়টি অগ্নি কুঠার;

(ঞ) দুইটি ক্রো-বার (শাবল);

(ট) ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্রসহ নিম্নোক্ত স্থানে রাখিতে হইবে, যথা—

(অ) কেবিনের করিডোরে একটি করিয়া অগ্নি নির্বাপক যন্ত্র এবং করিডোরের দৈর্ঘ্য যদি ৩০ মিটারের অধিক হয়, তাহা হইলে দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(আ) অন্যান্য যাত্রী স্থানে প্রতি ১০০ বর্গমিটারের জন্য একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ই) প্রত্যেক নাবিক কামরায় একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঠ) সকল আবাসন ডেক এ ৯ লিটার ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর অন্যূন ১২ টি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ড) হুইল হাউসে ৬ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবিই (ABE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র; এবং

(ঢ) রান্নার স্থানে ও সকল গ্যালীতে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন এবি (AB) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং যদি সেইখানে বৈদ্যুতিক স্থাপনা থাকে, তাহা হইলে অগ্নি নির্বাপক যন্ত্রগুলি এবিই (ABE) শ্রেণীর হইতে হইবে।

১৯। **সড়ক ফেরী।**—সড়ক ফেরিতে নিম্নোক্তভাবে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র সন্নিবেশিত করিতে হইবে, যথা ঃ—

(ক) মোট ইঞ্জিন শক্তি ৪০ কিলোওয়াট পর্যন্ত হইলে দুইটি;

(খ) মোট ইঞ্জিন শক্তি ৪০ কিলোওয়াট এর অধিক কিন্তু অনধিক ১৮০ কিলোওয়াট হইলে চারটি;

(গ) মোট ইঞ্জিন শক্তি ১৮০ কিলোওয়াট এর বেশী হইলে ছয়টি;

(ঘ) মোট ইঞ্জিন শক্তি ৩৬০ কিলোওয়াট এর বেশী হইলে আটটি;

(ঙ) মোট ইঞ্জিন শক্তি ৭২০ কিলোওয়াট এর বেশী হইলে একটি স্থায়ী $CO_2$ অগ্নি নির্বাপন ব্যবস্থা;

(চ) ফায়ার বাকেট ১০টি।

২০। **ভাসমান সরঞ্জাম।**—সকল ভাসমান সরঞ্জামে নিম্নোক্তভাবে বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র রাখিতে হইবে, যথা ঃ—

(ক) যে কামরায় অয়েল ট্রিটমেন্ট বা ট্রান্সফার সরঞ্জাম অথবা ৪০ কিলোওয়াট মোট শক্তিসম্পন্ন কোন ধরণের যন্ত্রপাতি স্থাপন করা হইবে সেইখানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর একটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(খ) যে কামরায় ১৮০ কিলোওয়াট পর্যন্ত মোট শক্তিসম্পন্ন কোন ধরণের যন্ত্রপাতি স্থাপন করা হইবে সেইখানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(গ) যে কামরায় ৪৫০ কিলোওয়াট পর্যন্ত মোট শক্তিসম্পন্ন কোন ধরণের যন্ত্রপাতি স্থাপন করা হইবে সেইখানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন বিই (BE) শ্রেণীর চারটি অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঘ) যে কামরায় ৪৫০ কিলোওয়াট এর অধিক শক্তিসম্পন্ন কোন ধরণের যন্ত্রপাতি স্থাপন করা হইবে সেইখানে ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন চারটি বিই (BE) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র ও ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন দুইটি এবি (AB) শ্রেণীর অগ্নি নির্বাপক যন্ত্র;

(ঙ) সকল ভাসমান সরঞ্জামে বিই (BE) শ্রেণীর দুইটি ও ৯ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন দুইটি অগ্নি নির্বাপক যন্ত্র।

২১। **মাছ ধরার নৌযান এবং সার্ভিস নৌযান।**—মাছ ধরার নৌযান এবং সার্ভিস নৌযান বিধি ১৩ অনুযায়ী মালবাহী জাহাজসমূহের অনুরূপ অগ্নি নির্বাপক যন্ত্র থাকিতে হইবে।

## অধ্যায়-৪

### কাঠামোগত অগ্নি নিরাপত্তা

২২। **প্রয়োগ।**—এই অধ্যায় পরবর্তী কোথাও সুস্পষ্টভাবে অন্যরূপ বিধান করা না হইলে এই অধ্যায়ে বিধানাবলী কেবল নূতন জাহাজসমূহের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে এবং ইহার কোন কিছুই উন্মুক্ত জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২৩। **যন্ত্রপাতির স্থান।**—(১) আবাসন সন্নিহিত ট্রাংক ও বহিরাবরণ কেসিংসহ সকল যন্ত্রপাতির স্থান ন্যূনতম ৫ মিলিমিটার পুরু ইস্পাতের বাল্কহেড দেওয়াল দ্বারা ঘিরিয়া রাখিতে হইবে।

(২) বাল্কহেড দেওয়ালসমূহের উপরের আস্তরণ (Lining) অদাহ্য উপদানের হইতে হইবে।

(৩) যন্ত্রপাতির স্থানসমূহের সকল দরজা ইস্পাত নির্মিত হইতে হইবে।

২৪। **নির্গত পাইপ।**—(১) এই বিধি সকল অভ্যন্তরীণ জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) ৪০ কিলোওয়াটের অধিক শক্তিসম্পন্ন ইঞ্জিন এর প্রতিটি নির্গম পাইপ অদাহ্য আস্তরণ সামগ্রী দ্বারা এমনভাবে আস্তরিত করিতে হইবে যাহাতে পাইপের গাত্র কখনো ৬০ ডিগ্রি সেলসিয়াসের অধিক উত্তপ্ত না হইতে পারে। এই আস্তরণ ভালভাবে (কলাইকৃত ইস্পাত দ্বারা) সুরক্ষার ব্যবস্থা করিতে হইবে।

২৫। **দৃষ্টি কাঁচ (Sight-glass)।**—(১) এই বিধি সকল অভ্যন্তরীণ জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) জ্বালানীর তেলের ট্যাংক সংযুক্ত সকল দৃষ্টি কাঁচ (Sight-glass) অনুমোদিত তেল ও তাপ রোধক সমগ্রী দ্বারা নির্মিত হইতে হইবে।

(৩) সকল দৃষ্টি কাঁচ যান্ত্রিক ক্ষয়ক্ষতি হইতে যাহাতে রক্ষা পায় তাহার ব্যবস্থা করিতে হইবে।

(৪) দৃষ্টি কাঁচের নীচের অংশে স্বয়ংবদ্ধ (self-closing) হইতে পারে এমন ভালভ লাগাইতে হইবে।

২৬। **পাম্প কক্ষ।**—(১) পাম্প কক্ষসমূহকে যন্ত্রপাতির স্থানের মতো নিরাপদ রাখিতে হইবে।

(২) যন্ত্রপাতির স্থানসমূহের সহিত পাম্প কক্ষের কোন সংযোগ থাকিতে পারিবে না।

২৭। **সিঁড়ি**।—(১) যদি ভিতরের সিঁড়ি দুইটি ডেক এর মধ্যে সংযোগ রক্ষা করে, তাহা হইলে ডেকের পার্শ্বে অদাহ্য সামগ্রীর তৈরী একটি দরজা থাকিতে হইবে।

(২) যদি ভিতরের সিঁড়ি দুইটি অধিক ডেক এর মধ্যে সংযোগ রক্ষা করে তাহা হইলে কমপক্ষে ৪ মিলিমিটার পুরু একটি ইস্পাত নির্মিত পানিরোধী দেওয়াল দ্বারা উহাকে রক্ষার ব্যবস্থা থাকিতে হইবে এবং প্রতিটি ডেক এ একটি করিয়া দরজা লাগাইতে হইবে।

(৩) সিঁড়ির দরজা বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং উহা অদাহ্য সামগ্রী দ্বারা নির্মিত হইতে হইবে।

২৮। **বায়ু প্রবেশপথ**।—(১) যন্ত্রপাতির স্থান ব্যতীত অন্য সকল প্রবেশপথ (Air intakes) এমনভাবে বন্ধ করিবার ব্যবস্থা সংযুক্ত থাকিতে হইবে যাহা বাহির হইতে বন্ধ করা যাইবে।

(২) বন্ধ করিবার ব্যবস্থা যদি ট্র্যাংক বা কেসিং এর মধ্যে থাকে তাহা হইলে বন্ধ করিবার ব্যবস্থা অবস্থান বাহিরে স্পষ্টভাবে নির্দেশিত করিতে হইবে।

(৩) এই অবদ্ধগার বা ক্লোজার ভালভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং সবসময় কার্যোপযোগী রাখিতে হইবে।

## অধ্যায়-৫

## বিস্ফোরণ ও আগুন হইতে রক্ষা পাওয়ার ব্যবস্থা

২৯। **বাতি ও বৈদ্যুতিক স্থাপনা**।—(১) তেলবাহী ট্যাংকসমূহের ট্যাঙ্ক, পণ্যস্থল (hold), ভাণ্ডার অথবা খোলা ডেক এ কোন ধরণের খোলা বাতি রাখা যাইবে না।

(২) সকল বৈদ্যুতিক তার সংযোজন ব্যবস্থা অন্তরিত (insulated ) হইতে হইবে এবং প্রয়োজনে কনডুইট পাইপ ব্যবহার করিতে হইবে।

(৩) পাম্প কক্ষ, পেইন্ট, ল্যাম্প ও ব্যাটারী লকারসমূহের বৈদ্যুতিক স্থাপনা বিস্ফোরণরোধী প্রকৃতির হইতে হইবে।

৩০। **মাষ্টার লিষ্ট ও অনুশীলন (Drill)**। —(১) জাহাজের মাষ্টার একটি মাষ্টার লিষ্ট বা সামগ্রিক তালিকায় জাহাজের বা ভাসমান সরঞ্জামের নাবিকের মধ্যে যাহারা ফায়ার ষ্টেশনে কাজ করিবেন তাহাদের বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া তাহা একটি সুপ্রত্যক্ষ স্থানে প্রদর্শিত করাইবেন।

(২) অগ্নিকান্ড সংঘটিত হইলে মাষ্টার লিষ্টের বিস্তারিত বিবরণ অনুযায়ী নাবিকরা দায়িত্ব স্থলে যাইয়া তাহাদের নিজ নিজ দায়িত্ব পালন করিবেন।

(৩) এতদুদ্দেশ্যে প্রতি মাসে কমপক্ষে একবার অগ্নিকান্ডকালীন অনুশীলন বা ফায়ার ড্রিল অনুষ্ঠিত করাইতে হইবে এবং এ অনুশীলনের বিষয় লগ বইতে লিখিয়া রাখিতে হইবে।

৩১। **দাহ্য ও সহজদাহ্য সামগ্রী**। —(১) যাত্রীবাহী জাহাজে কোন বিপজ্জনক সামগ্রী বা মালামাল বহন করা যাইবে না।

(২) ২০ কিলোগ্রামের অধিক ওজনের অথবা ১ ঘনমিটার আয়তনের অধিক পরিমাণের যে কোন দাহ্য বা সহজদাহ্য সামগ্রী যাত্রীগণের জন্য নির্দিষ্ট স্থানসমূহ হইতে দূরে সংরক্ষণ করিতে হইবে এবং ত্রিপল বা অন্যান্য যথাযোগ্য সামগ্রী দ্বারা আচ্ছাদিত করিয়া রাখিতে হইবে।

(৩) ডেকের বিলজ ও যন্ত্রপাতির স্থানসমূহে তেল ছিটকাইয়া পড়িলে তাহা সুতী কাপড়ের ন্যাকড়ার সাহায্যে পরিষ্কার করিতে হইবে।

(৪) দাহ্য তেল, জ্বালানী বা মালামাল নাড়াচাড়া করিবার সময় সর্বদা নিম্নবর্ণিত সংকেত বা আলো দেখাইতে হইবে, যথা ঃ—

(ক) রাত্রিকালে দিগন্ত বরাবর কমপক্ষে ১.৫ কিলোমিটার পর্যন্ত দৃশ্যমান লাল আলো প্রদর্শন ;

(খ) দিনের বেলায় একটি লাল পতাকা উত্তোলন।

(৫) মালবোঝাই অয়েল বা কেমিক্যাল ট্যাংকারকে সবসময় উপরে বর্ণিত আলো বা পতাকা দেখাইতে হইবে।

৩২। **যাত্রীদের জন্য বাধা-নিষেধ।** —(১) যাত্রীরা যন্ত্রপাতির ও মালামালের স্থানসমূহে অবাধে গমন করিতে পারিবেন না।

(২) যাত্রীদের কোন বিপজ্জনক এলাকায় গমন করিতে দেওয়া যাইবে না এবং সব বিপজ্জনক স্থান সংরক্ষিত থাকিবে।

(৩) যেইসব এলাকায় ধূমপান নিষিদ্ধ সেইসব এলাকায় "ধূমপান নিষেধ" কথাটি লিখিয়া রাখিতে হইবে।

৩৩। **ঝালাই অথবা ওয়েল্ডিং।**—অগ্নি প্রতিরোধ ব্যবস্থা ও উপযোগী অগ্নি নির্বাপক যন্ত্রসমূহ স্থাপন ব্যতীত কোন সহজদাহ্য বা দাহ্য সামগ্রী রহিয়াছে এইরূপ জাহাজ বা ভাসমান সরঞ্জামের কোন অংশে কোন উত্তপ্ত মেরামত কাজ, ঝালাই কাজ বা গ্যাসের সাহায্যে কাটিবার কাজ করা যাইবে না।

৩৪। **ট্যাংকার জাহাজে ওয়েল্ডিং।**—ট্যাংকার জাহাজে ওয়েল্ডিং বা অন্য কোন হট ওয়ার্ক করিতে হইলে বা অন্যান্য জাহাজের দাহ্য পদার্থ বহনকারী ট্যাংকে হট ওয়ার্ক করিতে হইলে একসপ্লোসিভ ডিপার্টমেন্ট হইতে "গ্যাস ফ্রি" সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে এবং হট ওয়ার্ক পারমিট অনুসরণ করিতে হইবে।

৩৫। **বায়ুচলন।**—যন্ত্রপাতি, ব্যাটারি, পাম্প কক্ষ ও মালামালের স্থানসমূহে বায়ুচলনের পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন
উপ-সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।